গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন অধিদপ্তর
১৪,আবদুল গনি রোড,ঢাকা।
**www.rd.gov.bd**

## ২০২২-২০২৩ অর্থবছরের নিবন্ধন অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত 'নৈতিকতা কমিটির' ১ম সভার কার্যবিবরণী

স্থান ঃ- নিবন্ধন অধিদপ্তর, ঢাকা।
তারিখঃ-১০-০৮-২০২২ খ্রিঃ
সময়ঃ- ১০.৩০
রোজ ঃ- বুধবার

উপস্থিত সম্মানিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ-

| | | |
|---|---|---|
| ১। জনাব শহীদুল আলম ঝিনুক | সভাপতি | স্বাক্ষরিত |
| ২। জনাব শেখ মোঃ আনোয়ারুল হক | সদস্য | স্বাক্ষরিত |
| ৩। জনাব বীর জ্যোতি চাকমা | সদস্য | স্বাক্ষরিত |
| ৪। জনাব মোঃ আব্দুস ছালাম আজাদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৫। জনাব খন্দকার হুমায়ূন কবীর | সদস্য | স্বাক্ষরিত |
| ৬। জনাব মোঃ আশরাফুজ্জামান | সদস্য | স্বাক্ষরিত |
| ৭। জনাব মুশতাক আহমেদ | সদস্য | স্বাক্ষরিত |
| ৮। জনাব মোঃ জিয়াউল হক | সদস্য-সচিব | স্বাক্ষরিত |
| ৯। জনাব আবদুছ ছত্তার সিকদার | সদস্য | স্বাক্ষরিত |
| ১০। জনাব সুমন চৌধুরী | সদস্য | স্বাক্ষরিত |

মন্ত্রনালয়/বিভাগ/অন্যান রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নির্দেশিকার নির্দেশনা অনুযায়ী নিবন্ধন অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে 'নৈতিকতা কমিটির' ১ম সভায় নিবন্ধন অধিদপ্তরে মহা-পরিদর্শক নিবন্ধন জনাব শহীদুল আলম ঝিনুক এর সভাপতিত্বে ১০-০৮-২০তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভায় অংশগ্রহণকারী সকল কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে নিবন্ধন অধিদপ্তরের রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব-জনাব মোঃ জিয়াউল হক মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত নির্দেশিকা অনুযায়ী ২০২২-২০২৩ অর্থ বছরের নিবন্ধন অধিদপ্তরের প্রণয়ণকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ১ম কোয়ার্টারের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জনান যে, মন্ত্রিপরিষদ বিভাগ ২০২২-২০২৩ অর্থ মন্ত্রণালয়/দপ্তর/সংস্থাসমূহকে মোট ৫০ নম্বরের উপরে মূল্যায়ন করবে। এ মূল্যায়ন তিনটি ভাগে বিভক্ত। তিনটি ভাগের মধ্যে ১.প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ১৭ নম্বর, ২. আর্থিক ব্যবস্থাপনায় ১৫ নম্বর এবং ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমে ১৮ নম্বর সর্বমোট বরাদ্দ করা হয়েছে। তিনি আরো জানান, ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় কার্যক্রম সমূহের উপর মোট ১০ নম্বর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে যোগ হবে।

০৩। অতঃপর তিনি ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় ১ম কোয়ার্টারের কার্যক্রম সমূহের তালিকা ও বাস্তবায়ন অগ্রগতি কার্যপত্র অনুযায়ী সভায় উপস্থাপন করেন। কার্যপত্র অনুযায়ী ১ম কোয়ার্টারের কার্যক্রম সমূহের আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্রমিক নং | ১ম কোয়ার্টারের কার্যক্রম সমূহের নাম | আলোচনা/বিবরণ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | অধিদপ্তরের রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিয়াউল হক জানান, নিবন্ধন অধিদপ্তরের ২০২২-২০২৩ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী ৪ কোয়ার্টারে ৪ টি নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে ১ম কোয়ার্টারের কার্যক্রমসমূহ নৈতিকতা কমিটির কার্যক্রমসমূহ নৈতিকতা কমিটির সভার আলোচ্যসূচিভুক্ত করা হয়েছে। তিনি আরও বলেন মন্ত্রণালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশলের ১ম কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন জমা প্রদানের শেষ তারিখ ১৫.১০.২০২২খ্রিঃ । | প্রতি কোয়ার্টারে নৈতিকতা কমিটির ১ টি করে মোট ৪ টি সভা আয়োজন করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সদস্য সচিব ও আই.আর.ও খুলনা বিভাগ |
| ২. | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | এ বিষয়ে অধিদপ্তরের রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক জানান, উক্ত সভার গৃহীত সিদ্ধান্তসমূহ ধারাবাহিক ভাবে বাস্তবায়ন করতে হবে। তিনি আরও বলেন, মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২২-২০২৩ অনুযায়ী কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব না হলে তার যৌক্তিক কারণ উল্লেখ করে নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রতিবেদন দাখিল করতে হবে। এ প্রেক্ষিতে নৈতিকতা কমিটির ১ম কোয়ার্টারের কার্যক্রম সমূহের বাস্তবায়ন অগ্রগতি আগামী ৭.১০.২০২২ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণে করার জন্য সভাপতি মহোদয় নির্দেশ প্রদান করেন। | নৈতিকতা কমিটির ১ম সভার ১ম কোয়ার্টারের কার্যক্রম সমূহের বিপরীতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে আগামী ০৭-১০-২০২২খ্রিঃ তারিখের মধ্যে যথাযথ প্রমাণকসমূহ প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সদস্য সচিব ও আই.আর.ও খুলনা বিভাগ |
| ৩. | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | এ বিষয়ে অধিদপ্তরের রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক জানান ২০২২-২০২৩ অর্থ বছরের প্রশিক্ষণ কর্মপরিকল্পনা ইতোমধ্যে প্রণয়ন করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার বিষয়ে কমপক্ষে দুটি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | প্রস্তুতকৃত প্রশিক্ষিণ কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষণ অয়োজন করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সদস্য সচিব ও আই.আর.ও খুলনা বিভাগ |
| ৪. | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভূক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি/নথি বিনষ্টকরণ/মহিলদের জন্য পৃথক ব্রেষ্ট ফিডিং/ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) | এ বিষয়ে আলোচনায় অধিদপ্তরের রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক জানান কর্মপরিবেশ উন্নয়নে নিবন্ধন অধিদপ্তরের অকেজো মালামাল ইতোমধ্যে অপসারন করা হয়েছে। পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান আছে। এ পরিপ্রেক্ষিতে সভাপতি মহোদয় বর্ণিত কার্যক্রমের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে প্রমাণকসমূহ প্রস্তুত করার জন্য অনুরোধ জানান। | কার্যক্রম ১.৫ নং এর আলোকে গৃহীত কার্যক্রমের প্রমাণক হিসেবে নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক সত্যায়িত বাস্তবায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট পত্র, প্রযোজ্য ক্ষেত্রে ছবি ও অন্যান্য প্রমাণক আগামী ০৭-১০-২০২২খ্রিঃ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সদস্য সচিব ও আই.আর.ও খুলনা বিভাগ |

| ক্রমিক নং | ১ম কোয়ার্টারের কার্যক্রম সমূহের নাম | আলোচনা/বিবরণ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫. | ১.৬ আওতাধীন দপ্তর/সংস্থার (প্রয়োজ্যক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে অধিদপ্তরের রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক জানান আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত ২০২২-২০২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান করা হয়েছে। অওতাধীন দপ্তর/সংস্থার ফিডব্যাক প্রদান করা হবে। | আগমী ৩১.১০.২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ২০২২-২০২৩ অর্থ বছরের দপ্তর/সংস্থা কর্তৃক দাখিলকৃত জাতীয় শৃদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ ফিডব্যাক প্রদান করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।। | সদস্য সচিব ও আই.আর.ও খুলনা বিভাগ |
| ৬ | ২.১ ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব এবং মন্ত্রণালয়ের নিজস্ব উন্নয়ন বাজেটের অনুমোদিত ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | এ বিষয়ে অলোচনায় অংশ নিয়ে রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক জনাব মোঃ আশরাফুজ্জামন জানান ২০২২-২০২৩ অর্থবছরে নিবন্ধন অধিদপ্তরের ০৬-০৯-২০২২খ্রিঃ তারিখে ১০.০৫.০০০০.০০২. ০৬.০০১.২২/৬০১(১১) নং স্মারকে সহকারী মহা-পরিদর্শক জনাব শেখ মোঃ আনোয়ারুল হক কে সভাপতি করে ক্রয় কমিটি গঠন করা হয়। ক্রয় কমিটি ক্রয় পরিকল্পনা প্রস্তুত পূর্বক দ্রুত ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | নিবন্ধন অধিদপ্তরের ক্রয় কমিটি কে দ্রুত ক্রয় পরিকল্পা প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করার জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | আই.আর.ও চট্টগ্রাম বিভাগ |
| ৭ | ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন (রাজস্ব এবং মন্ত্রণালয়ের নিজস্ব উন্নয়ন বাজেটের) | এ বিষয়ে অলোচনায় অংশ নিয়ে রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক জনাব মোঃ আশরাফুজ্জামান জানান ২০২২-২০২৩ অর্থবছরে নিবন্ধন অধিদপ্তরের ক্রয় পরিকল্পনা অনুমোদনের পর যথাযথ ভাবে বাস্তবায়ন করা হবে। | নিবন্ধন অধিদপ্তরের ২০২২-২০২৩ অর্থবছরে ক্রয় পরিকল্পনা অনুমোদনের জন্য রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নিবন্ধন অধিদপ্তরের ক্রয় কমিটির সদস্য সচিব জনাব মোঃ আশরাফুজ্জামান কে দায়িত্ব প্রদানের জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | আই.আর.ও চট্টগ্রাম বিভাগ |
| ৮ | ৩.১ সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ | এ বিষয়ে আলোচনায় রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক জনাব মোঃ আশরাফুজ্জামান জানান প্রগতিতে যানবাহন নিয়মিত রক্ষণাবেক্ষনের জন্য পাঠানো হবে। | ২৩-০৬-২০২২ খ্রিঃ তারিখে নিয়মিত রক্ষণাবেক্ষনের জন্য প্রগতিতে পাঠানোর জন্য সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | আই.আর.ও চট্টগ্রাম বিভাগ |
| ৯ | ৩.২ স্বল্পসময়ে (১ সপ্তাহ) ভূমি অফিসের এলটি নোটিশ প্রেরণ | এ বিষয়ে আলোচনায় অধিদপ্তরের রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক জানান ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় ১২ টি সাব-রেজিস্ট্রি অফিস হতে স্বল্পসময়ে (১ সপ্তাহ) ভূমি অফিসে এলটি নোটিশ প্রেরণ করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ১ম কোয়ার্টারে ৩ টি। | সাব-রেজিস্ট্রি অফিস হতে স্বল্পসময়ে (১ সপ্তাহ) ভূমি অফিসে নোটিশ এলটি প্রেরণ করার জন্য অফিস নির্ধারণ করে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার কে অবহিত করাসহ তদবিষয়ে পর্যবেক্ষণ করার জন্য দায়িত্ব প্রদান করা হয় রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক কে যা উক্ত সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার। |
| ১০ | ৩.৩ আবেদনের ৫ দিনের মধ্যে দলিলের অবিকল নকল সরবরাহ | এ বিষয়ে আলোচনায় অধিদপ্তরের রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক জানান ২০২২-২০২৩ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় আবেদনের ৫ দিনের মধ্যে অবিকলস নকল সরবরাহের ৪ টি অফিস নির্ধারণ করা হয়। ১ম কোয়ার্টারে ১ টি। | আবেদনের ৫ দিনের মধ্যে অবিকলস নকল সরবরাহের জন্য ০১ অফিস নির্ধারণ করে সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার কে অবহিত করাসহ তদবিষয়ে পর্যবেক্ষণ করার জন্য দায়িত্ব প্রদান করা হয় রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক কে যা উক্ত সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার। |

| ক্রমিক নং | ১ম কোয়ার্টারের কার্যক্রম সমূহের নাম | আলোচনা/বিবরণ | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১১ | ৩.৪ হেল্প ডেস্ক স্থাপন | এ বিষয়ে আলোচনায় অধিদপ্তরের রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক জানান ২০২২-২০২৩ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা সারাদেশে ১০০ টি হেল্প ডেস্ক স্থাপন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। ১০০ টির মধ্যে ১ম কোয়ার্টারের ২৫ হেল্প ডেস্ক স্থাপন করা হবে। | হেল্প ডেস্ক স্থাপন করার জন্য জেলা রেজিস্ট্রারগণ কে অবহিত করাসহ তদবিষয়ে পর্যবেক্ষণ করার জন্য দায়িত্ব প্রদান করা হয় রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক ও নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব জনাব মোঃ জিয়াউল হক কে যা উক্ত সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৮/২০২২

(শহীদুল আলম ঝিনুক)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা
ও
সভাপতি, নৈতিকতা কমিটি ।

স্মারক নং-১০.০৫.০০০০.০০৫.৯৯.০০১.২২-২২৮ (১০)

তারিখ ঃ ২০/০৮/২০২২ খ্রিঃ

অনুলিপি অবগতি জন্য প্রেরণ করা হ'ল ঃ-

১। জনাব উম্মে কুলসুম, যুগ্ম সচিব (মতামত) ও এপিএ ফোকাল পয়েন্ট, আইন ও বিচার বিভাগ।
২। জনাব শেখ মোঃ আনোয়ারুল হক, সহকারী মহা-পরিদর্শক, নিবন্ধন।
৩। জনাব বীর জ্যোতি চাকমা, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, ঢাকা বিভাগ।
৪। জনাব মোঃ আব্দুস ছালাম আজাদ, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, রাজশাহী বিভাগ।
৫। জনাব খন্দকার হুমায়ূন কবীর, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, বরিশাল বিভাগ।
৬। জনাব মোঃ আশরাফুজ্জামান, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, চট্টগ্রাম বিভাগ।
৭। জনাব মুশতাক আহমেদ, রেজিস্ট্রি অফিস সমূহের পরিদর্শক, সিলেট বিভাগ।
৮। জনাব আবদুছ ছত্তার সিকদার, উচ্চমান সহকারী, খুলনা বিভাগ।
৯। জনাব সুমন চৌধুরী, উচ্চমান সহকারী, নিয়োগ শাখা।
১০। অফিস কপি।

২০/০৮/২০২২

(মোঃ জিয়াউল হক)
রেজিস্ট্রি অফিসসমূহের পরিদর্শক
খুলনা বিভাগ
নিবন্ধন অধিদপ্তর, ঢাকা
ও
সদস্য সচিব, নৈতিকতা কমিটি।